

সংবাদ বিজ্ঞপ্তি

## রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেডের পরিচালক হলেন নোবিপ্রবি উপাচার্য

রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেডের (আরপিজিসিএল) পরিচালনা পর্ষদের পরিচালক পদে মনোনয়ন পেয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। মঙ্গলবার (২৬ নভেম্বর ২০২৪) বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ প্রেরিত এক পত্রে এ মনোনয়ন বিষয়ে জানানো হয়।

প্রসঙ্গত, আরপিজিসিএল রাষ্ট্রায়ত্ত্ব সংস্থা বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশনের (পেট্রোবাংলা) আওতাধীন পরিচালিত একটি বৃহৎ গ্যাস কোম্পানি যা তরল প্রাকৃতিক গ্যাস সরবরাহ করে। প্রতিষ্ঠানটি এলএনজি সংক্রান্ত টার্মিনাল ডেভেলপমেন্ট, এলএনজি আমদানি, রিগ্যাসিফাই ও জাতীয় ছিডে আরএলএনজি সরবরাহকরণ, এনজিএল ও কনডেনসেট প্রসেসিং ও বিপণনসহ কনডেনসেট হ্যান্ডলিংসহ সিএনজিতে রূপান্তর সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪